সংবাদ

তারিখ 1 5 JUL 2017 ... পৃষ্ঠা ১৬ কলাম ৬

পাল্টাপাল্টি কর্মসূচি

# ফের উত্তপ্ত জাবি

■ সর্বশেষ : গতরাতে কর্তৃপক্ষের মামলা প্রত্যাহারের আশ্বাসের ভিত্তিতে শিক্ষার্থীরা অনশন ভঙ্গ করে

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থীদের বিরুদ্ধে প্রশাসনের করা সন্ত্রাসী ও হত্যাচেষ্টা মামলা প্রত্যাহারের দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অনশন কর্মসূচির মধ্যেই শিক্ষকদের পাল্টা কর্মসূচিতে ফের উত্তপ্ত হয়ে উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শিক্ষাঙ্গন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় উপাচার্যের বাসভবনে ভাঙচুরের অভিযোগে ৫৬ শিক্ষার্থীর বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহার দাবিতে টানা তিনদিন অনশন অব্যাহত রেখেছেন শিক্ষার্থীরা।

অন্যদিকে তাদের শাস্তির দাবিতে গতকাল মৌন মিছিল করেছেন বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থি শিক্ষকরা। এই মিছিলের ব্যানার নিয়েও শুরু হয়েছে আরেক বিতর্ক। ব্যানারের নিচের দিকে পায়ের কাছের অংশে বঙ্গবন্ধুর প্রতিকৃতি থাকায় তীব্র সমালোচনার সৃষ্টি হয়েছে সাধারণ শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে। এছাড়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মামলা ও অনশন প্রত্যাহারের ব্যাপারে শিক্ষার্থী ও উপাচার্যের সঙ্গে একাধিকবার বৈঠক করেছে বলে জানা যায়। খোঁজ নিয়ে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের জাবি : পৃষ্ঠা : ২ ক : ১

## জাবি : শিক্ষাঙ্গন

(১৬ পৃষ্ঠার পর)

প্রশাসনের করা মামলা প্রত্যাহারের দাবিতে গত শনিবার দুপুর ২টার দিকে সর্দার জাহিদ নামে এক শিক্ষার্থী অনশনে বসেন। পরে বিকাল ৪টার দিকে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের পূজাবিশ্বাস তার সঙ্গে যোগ দেন। রাত ১২টায় যোগ দেন ইংরেজি বিভাগের তাহমিনা জাহান তুলি। রোববার সকাল ৮টার দিকে যোগ দেন আইন ও বিচার বিভাগের খান মুনতাসির আরমান এবং রাত ১১টার দিকে যোগ দেন ফয়সাল আহমেদ রুদ্র। গতকাল যোগ দেন নাঈমুল আলম মিশু, তাসনুভাতাজিন ইভা ও রাতুল খালিদ। ইতোমধ্যে শনিবার থেকে আমরণ অনশনে যাওয়া ৩ জন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। [redacted]

বিশ্ববিদ্যালয়ের মেডিকেলের চিকিৎসক ডা. বীরেন্দ্র কুমার বিশ্বাস বলেন, 'অনশনকারী সবাই বেশ ক্লান্ত হয়ে পড়েছে। এদের মধ্যে পূজা এবং জাহিদের শারীরিক অবস্থা অবনতির দিকে। তাদের যত দ্রুত সম্ভব হাসপাতালে ভর্তি করতে হবে।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর